



অধ্যক্ষের কার্যালয়
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী
www.ngdc.ac.bd
E-mail : ngdcrajbd@yahoo.com
ফোনঃ +8802588850630

স্মারক নং : ৬০

তারিখ: ২৭/০১/২০২৬ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) শ্রেণির অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের বিজ্ঞপ্তি

* ভর্তির বিষয়সমূহ : বাংলা, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান।

* অনলাইনে প্রাথমিক আবেদন করার তারিখ: ২৭/০১/২০২৬ খ্রি. থেকে ১৯/০২/২০২৬ খ্রি. পর্যন্ত। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) Prospectus /Important Notice অপশন এবং কলেজ ওয়েবসাইট (www.ngdc.ac.bd) ও ফেসবুক পেজ (www.facebook.com/ngdcofficial) থেকে জানা যাবে।

* আবেদনকারীর জন্য জ্ঞাতব্য :

১। প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে আবেদন ফরম পূরণ করে সাবমিট করার পর pdf কপি ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। প্রিন্ট কপির উপর Applicant's Signature & Date এর জায়গায় শিক্ষার্থী স্বাক্ষর করে তারিখ ও মোবাইল নাম্বার লিখে দিবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ সকল সার্ভিস চার্জ সহ ১,০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং সার্ভিস রকেট (DBBL Rocket) এর মাধ্যমে New Govt. Degree College এর বিলার আইডি 244 - এ প্রদান করে তার ট্রানজেকশন আইডি প্রিন্টকৃত ফরমের একপাশে ফাঁকা স্থানে লিখতে হবে। ট্রানজেকশন আইডি লেখা এ আবেদন ফরমটি স্ক্যান করে কলেজের ওয়েবসাইট (www.ngdc.ac.bd/online-admission) এর Master's Admission লিংকে প্রবেশ করে অনলাইনে জমা দিতে হবে।

* পূরণকৃত প্রাথমিক আবেদন ফরম ও আবেদন ফি কলেজে জমার তারিখ:

পূরণকৃত প্রাথমিক আবেদন ফরম কলেজের ওয়েবসাইটে (www.ngdc.ac.bd/online-admission) Master's Admission লিংকে প্রবেশ করে অনলাইনে জমা দিতে হবে এবং আবেদন ফি বাবদ সর্বমোট ১,০৫০/-[আবেদন ফি ১,০০০/- + ব্যবস্থাপনা ফি ৫০/- (পরিপত্র অনুযায়ী)] ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং সার্ভিস রকেট (DBBL Rocket) এর মাধ্যমে ১৯/০২/২০২৬ তারিখ দুপুর ১২:০০ টার মধ্যে প্রদান করতে হবে।

* ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদনের সময়সূচি:

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করার তারিখ:	২৭/০১/২০২৬ থেকে ১৮/০২/২০২৬
খ)	পূরণকৃত প্রাথমিক আবেদন ফরম কলেজের ওয়েবসাইটে (www.ngdc.ac.bd/online-admission) Master's Admission লিংকে প্রবেশ করে অনলাইনে জমা দেওয়ার তারিখ:	২৭/০১/২০২৬ থেকে ১৯/০২/২০২৬
গ)	আবেদন ফি বাবদ সর্বমোট ১,০৫০/-[আবেদন ফি ১,০০০/- + ব্যবস্থাপনা ফি ৫০/- (পরিপত্র অনুযায়ী)] ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং সার্ভিস রকেট (DBBL Rocket) এর মাধ্যমে জমা দেওয়ার তারিখ:	২৭/০১/২০২৬ থেকে ১৯/০২/২০২৬

* অনলাইন সার্ভিস পেমেণ্টের ক্ষেত্রে রাজ আইটিকে Transaction প্রতি ১৫/- (পনেরো) টাকা প্রদান করতে হবে।

* প্রাথমিক আবেদনের হার্ড কপি কলেজে জমাদানের প্রয়োজন নাই।

রকেট পেমেণ্টের নিয়মাবলি

- ১। রকেট অ্যাপস এ লগইন করতে হবে।
- ২। এর পর বিল পে অপশনে প্রবেশ করতে হবে।
- ৩। সার্চ অপশনে বিলার আইডি/ কলেজের নাম টাইপ করতে হবে।
(New Govt. Degree College এর বিলার আইডি 244)
- ৪। বিল নম্বর/রেফারেন্স নম্বর এর স্থলে শিক্ষার্থীর Admission Roll টাইপ করতে হবে।
- ৫। অন্যের একাউন্ট থেকে পেমেণ্টের ক্ষেত্রে Other's option এ Beneficiary Mobile Number এ শিক্ষার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ৬। টাকার পরিমাণ টাইপ করতে হবে।
- ৭। পিন নম্বর দিয়ে সাবমিট করতে হবে।
- ৮। ট্রানজেকশন আইডি সহ এসএমএস সংরক্ষণ করতে হবে।


Handwritten signature and date
27.01.2026


প্রাথমিক আবেদন ফরম পূরণের নিয়মাবলি :

- ২। ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Master's Tab-এ গিয়ে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক(পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া “জাতীয় বিশ্ববিদ্যালয়/ যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি / অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে।
- খ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে।
- গ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে তার ভর্তিযোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এ তালিকা থেকে আবেদনকারীকে সর্বকর্তার সংগে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে।
- ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।
- ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120x150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb.এখানে উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে।
- ছ) আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে।
- জ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক(পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি-ও প্রাথমিক আবেদন ফি বাবদ ১০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে, সে সকল আবেদনকারীকে তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে।

প্রয়োজনে যোগাযোগ:

মাস্টার্স(নিয়মিত) ভর্তি কমিটি -২০২৪			
১।	ড. মোহাঃ রবিউল ইসলাম, সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ	আহ্বায়ক	০১৭১৬৬৪৪২৪৪
২।	রাবেয়া বসরী, প্রভাষক, বাংলা	সদস্য	০১৭২২৮৯০০৯২
৩।	সিমা রানী, প্রভাষক, অর্থনীতি	সদস্য	০১৭৫৫১৬৩৬০৩


(প্রফেসর মোঃ আব্দুল আউয়াল)
আইডি নং - ৭৬৯১
অধ্যক্ষ
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী


(ড. মোহাঃ রবিউল ইসলাম)
আহ্বায়ক
মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি- ২০২৪
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী